

# সূত্র

প্রিন্ট: ০২ ফেব্রুয়ারি ২০২৫, ০৭:২৩ এএম

শিক্ষাঙ্গন

## শাবিতে বঙ্গবন্ধু হলের নাম পরিবর্তন করলেন শিক্ষার্থীরা



শাবি প্রতিনিধি

প্রকাশ: ৩১ জানুয়ারি ২০২৫, ১০:১৮ পিএম



×

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) ছাত্রদের আবাসিক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের নাম পরিবর্তন করে 'বিজয় ২৪ হল' রাখা হয়েছে। বৃহস্পতিবার রাতে শাবির শিক্ষার্থীরা নিজেদের উদ্যোগে পূর্বের নামফলক ভেঙে নতুনভাবে বিজয় ২৪ হলের নাম সংযুক্ত ব্যানার টানিয়ে দেন।

তারা বলেন, ফ্যাসিস্ট হাসিনার লক্ষ্য ছিল এ দেশে পরিবারতন্ত্র কায়েম করা। দেশের বড় বড় স্থাপনায় নিজের পরিবারের নাম জুড়ে দিয়ে একচেটিয়া আধিপত্য বিস্তার করা। এই ফ্যাসিস্টের প্রতীককে উপড়ে দিতে সক্ষম হয়েছি আমরা। সেইসঙ্গে জুলাই বিপ্লবের শহিদ ও আহত ভাইদের স্মরণে 'বিজয় ২৪' নামকরণ করেছি।

হল প্রভোস্ট ড. মো. জামাল উদ্দিন বলেন, শিক্ষার্থীরা ব্যানার টানিয়েছে। তবে বিশ্ববিদ্যালয় প্রশাসন নাম পরিবর্তন করবেন কি করবেন না সেটা সিভিকিটের মাধ্যমে সিদ্ধান্ত নেবেন। এটাতে হল প্রশাসনের কোনো হস্তক্ষেপ নেই।